এই প্রশ্নপত্রটিতে 18 টি প্রশ্ন। [বিভাগ – ক (5) + বিভাগ – খ (4) এবং বিভাগ – গ (9) ] এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং. | | | | | | | | | | | | |

কোড নং. **71/SS/303/A**

সেট **A**

# বাংলা

**(303)**

(পরীক্ষার দিন এবং তারিখ) ____________________

(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর) **1.** ____________________

**2.** ____________________

UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR

**সাধারণ নির্দেশাবলীঃ**

**1.** পরীক্ষার্থীকে প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই নিজের রোল নং. লিখতে হবে।

**2.** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও প্রশ্ন সংখ্যা প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3.** উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং. লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

**4.** আপনার প্রশ্নপত্রের কোড নং. **71/SS/303/A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখতে হবে।



**UNNATI EDUCATIONS**
**9899436384: 9654-279-279**

# বাংলা

**(303)**

**সময় : 3 ঘণ্টা** ] [ **পূর্ণমান : 100**

**নির্দেশ :**
(i) এই প্রশ্নপত্রে 'ক, 'খ' এবং 'গ' **তিনটি** বিভাগ আছে।
(ii) এখান মোট 18 টি প্রশ্ন রয়েছে।
(iii) **সব** প্রশ্ন **বাধ্যতামূলক**।
(iv) প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।
(v) **প্রশ্ন** সংখ্যা **1** থেকে **9** -এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য **1** নম্বর ধার্য করা আছে। এগুলি মূলত এক-শব্দবিশিষ্ট প্রশ্ন, সত্য-মিথ্যা, ছক মেলানো, শূন্যস্থান পূরণ জাতীয়।
(vi) বিভাগ 'গ'-এ **2, 4, 5** ও **6** নম্বরের প্রশ্ন আছে।
(vii) মডিউল- **I** অথবা মডিউল- **II** -এর সমস্ত প্রশ্নের উত্তর প্রদান করত হবে।

(1) Answers of all questions are to be given in the Answer-Book given to you.
সমস্ত প্রশ্নের উত্তর আপনাকে প্রদান করা উত্তর-পুস্তিকাতেই লিখতে হবে।

(2) 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 02:15 p.m. From 02:15 p.m. to 02:30 p.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.
এই প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় ধার্য করা হয়েছে। দুপুর 02:15 মিনিট প্রশ্নপত্র বিতরণ করা হবে। 02:15 থেকে 02:30 মিনিট সময়সীমার মধ্যে ছাত্র-ছাত্রীরা কেবল প্রশ্নপত্র পড়বেন, উত্তর-পুস্তিকাতে কোনো উত্তর লিখবেন না।

EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR

## বিভাগ - ক

**1.** পাঠ্যক্রম অবলম্বনে **প্রথম তালিকা**র সঙ্গে **দ্বিতীয় তালিকা**র সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন। **4**

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | পদ্মাবতীর বিবাহমঙ্গল | (i) | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| (b) | প্রশ্ন | (ii) | এস. ওয়াজেদ আলি |
| (c) | সব্যসাচী | (iii) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| (d) | অতীতের বোঝা | (iv) | সৈয়দ আলাওল |

**2.** নিম্নোক্ত লাইনগুলি 'বিড়াল' প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে। এগুলি ক্রমানুসারে সাজান। **1x4=4**
(a) একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি, ভাবিয়া কমলাকান্তের বড়ো আনন্দ হইল।
(b) আমি শয়নগৃহে, 'চারপাই'র উপর বসিয়া, হুঁকা হাতে ঝিমাইতেছিলাম।
(c) চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী।
(d) পরোপকারই পরম ধর্ম।



UNNATI EDUCATIONS
9899436384: 9654-279-279

3. ‘অতীতের বোঝা’ প্রবন্ধ থেকে গৃহীত নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তর নির্ণয় করুন। **1x4=4**

(i) প্রকৃতির এই একটা মহা দোষ যে, সে বক্তৃতা শোনে না।
(ii) সত্যের সঙ্গে আমাদের জাতীয় জীবনের সম্বন্ধ অতি বেশি।
(iii) ভারতের হিন্দু জাতির মধ্যেও একসময় সভ্যতার ক্রমবিকাশ হয়নি।
(iv) আমাদের Nation – হিন্দু এবং মুসলমান, এই দুয়ে মিলে গঠিত।
(a) শুদ্ধ, অশুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ।
(b) অশুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ, অশুদ্ধ।
(c) শুদ্ধ, শুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ।
(d) অশুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ।

4. নিম্নোক্ত **প্রথম তালিকা**র সঙ্গে **দ্বিতীয় তালিকা**র সংযুক্তি ঘটান। **1x4=4**

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | দাতা | (i) | ভাব + উক |
| (b) | গম | (ii) | শরীর + ইক |
| (c) | ভাবুক | (iii) | √দা + তা |
| (d) | শারীরিক | (iv) | √গম + অন |

5. বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দভাণ্ডার থেকে উপযুক্ত শব্দের দ্বারা শূন্যস্থান পূরণ করুন। (যেকোনো **4** টি) : **1x4=4**

(a) যেই স্বামী সেই আমি নাহি ভাব ভিন।
আপনা চাহিতে ___________ হইল লীন।।
(স্বামী, প্রাণনাথ, পতি, পরমেশ্বর)

(b) লুপ্ত করেছে আমার ___________ দুঃস্বপনের তলে;
(ভুবন, পৃথিবী, ধরা, ধরিত্রী)

(c) এ ___________ যত ফুটিয়াছে ফুল, ফলিয়াছে যত ফল,
নারী দিল তাহে রূপ-রস-মধু-গন্ধ সুনির্মল।
(বিশ্বে, ভুবনে, পৃথিবীতে, ধরিত্রীতে)

(d) নাজমা, তোমায় ___________ হতেই হবে
ভালোবাসায় ভর করে তুই দাঁড়া,
(গাছ, বৃক্ষ, উদ্ভিদ, ঘাঁস)

## বিভাগ - খ

6. নিম্নোক্ত মন্তব্যগুলি থেকে সত্য/মিথ্যা বিচার করুন। (যেকোনো **6** টি) **1x6=6**

(a) ‘নারী’ কবিতার রচয়িতা কাজী নজরুল ইসলাম।
(b) ‘বাংলা ভাষা উচ্চারিত হলে’ কবিতায় মা দোলনা দুলিয়ে ঘুমপাড়ানির ছড়া গাইছেন।
(c) ‘নাজমা’ কবিতার রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।
(d) ‘পদ্মাবতীর বিবাহমঙ্গল’ পদ্মাবতী কাব্য থেকে সংকলিত।
(e) ’প্রশ্ন’ কবিতাটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত।
(f) ’নাজমা’ কবিতায় যানবাহন হিসাবে সাইকেলের উল্লেখ আছে।
(g) ‘প্রশ্ন’ কবিতায় বাদ্যযন্ত্র হিসাবে বাঁশির উল্লেখ করা হয়েছে।



UNNATI EDUCATIONS
9899436384: 9654-279-279

7. ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করুন। **1x4=4**

(a) জ্ঞানপিপাসু (b) গঙ্গাজল

(c) প্রতিগৃহে (d) সিংহাসন

8. সঠিক উত্তর নির্বাচন করুন। (যেকোনো **4** টি) **1x4=4**

(i) ''ক্রমে তাদেরও বার্ধক্য উপস্থিত হল''-
এখানে 'বার্ধক্য উপস্থিত হল' বলতে বোঝান হয়েছে -
- (a) জীবনে জড়তা এসে পড়ল।
- (b) সভ্যতার অগ্রগতির দ্বার রুদ্ধ হল।
- (c) প্রাণহীন জীবন আরম্ভ হল।
- (d) জীবনে সজীবতা এসে পড়ল।

(ii) চুরির মূলে আছে –
- (a) ধনীর কার্পণ্য
- (b) গৃহস্থের অসাবধানতা
- (c) অসামাজিক প্রবণতা
- (d) ধনীর উদারতা

(iii) 'অতীতের বোঝা' – এর রচয়িতা –
- (a) এস. ওয়াজেদ আলি
- (b) রবীন্দ্রনাথ ঠাকুর
- (c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
- (d) মীর মশারফ হোসেন

(iv) মার্জার শব্দের অর্থ হল -
- (a) সারমেয়
- (b) বিড়াল
- (c) কুকুর
- (d) যেকোনো পশু

UNNATI
EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR

9. সঠিক উত্তর বেছে নিয়ে তথ্যগুলি পূরণ করুন। (যেকোনো **16** টি) **1x16=16**

(a) অলংকার কয় ভাগে বিভক্ত ?
- (i) দুই
- (ii) তিন
- (iii) চার
- (iv) পাঁচ

(b) মনসামঙ্গলের প্রধান কবি হলেন -
- (i) বিজয়গুপ্ত
- (ii) রূপরাম চক্রবর্তী
- (iii) দ্বিধমাধব
- (iv) মুকুন্দরাম চক্রবর্তী



UNNATI EDUCATIONS
9899436384: 9654-279-279

(c) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতাটি কার লেখা ?

(i) রবীন্দ্রনাথ ঠাকুর

(ii) শামসুর রাহমান

(iii) জীবনানন্দ দাস

(iv) মধুসূদন দত্ত

(d) বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চিরকল্যাণ-কর,
অর্ধেক তার করিয়াছে ___________।

(i) মহিলা

(ii) নারী

(iii) কন্যা

(iv) স্ত্রী

(e) নাজমাদের টিভি কিনতে যাবার কথা -

(i) রাত্রে

(ii) বিকেলে

(iii) সকালে

(iv) দুপুরে

(f) রংলাল কোন হাট থেকে মোষ কিনেছিল ?

(i) পাঁচুন্দির হাট

(ii) রামপুর হাট

(iii) বিক্রমপুর হাট

(iv) নেত্রকোণা হাট

(g) রংলালের পুত্রের নাম কী ?

(i) রামমোহন

(ii) যশোদা

(iii) রামলাল

(iv) বিমল

(h) সমাস কয় ভাগে বিভক্ত ?

(i) পাঁচ

(ii) দুই

(iii) তিন

(iv) চার

(i) সামুদ্রিক বরফ বেশি ভঙ্গুর হয় কেন ?

(i) লবণ বেশি থাকে বলে

(ii) চিনি বেশি থাকে বলে

(iii) গুড় বেশি থাকে বলে

(iv) লবণ ও চিনি দুটোই থাকে বলে



UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR
UNNATI EDUCATIONS
9899436384: 9654-279-279

(j) সব্যসাচী কোথা থেকে ইঞ্জিনিয়ারিং পাশ করেছে ?

(i) আমেরিকা

(ii) ফ্রান্স

(iii) ইটালি

(iv) লণ্ডন

(k) অপূর্বর বাসার নম্বর কত ?

(i) চল্লিশ

(ii) তিরিস

(iii) দশ

(iv) পঁয়ত্রিশ

(l) অবিনাশদের জঙ্গল মহাল কোথায় ?

(i) পূর্ণিয়া

(ii) ভাগলপুর

(iii) পাটনা

(iv) বক্সা

(m) প্রত্যয় কয় প্রকার ?

(i) দুই

(ii) তিন

(iii) চার

(iv) ছয়

(n) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতায় কবি বারান্দায় কী এসে লাগে বলেছেন ?

(i) সূর্যের আলো

(ii) জ্যোৎস্নার চন্দন

(iii) বৃষ্টির জল

(iv) ফুলের গন্ধ

(o) সুরেন সরকার কোন গল্পের চরিত্র ?

(i) সব্যসাচী

(ii) অনাচার

(iii) অতীতের বোঝা

(iv) কালা পাহাড়

(p) রংলাল পাঁচুন্দির হাট থেকে কটি মোষ কিনেছিল ?

(i) দুটি

(ii) তিনটি

(iii) পাঁচটি

(iv) চারটি

UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR



UNNATI EDUCATIONS
9899436384: 9654-279-279

## বিভাগ - গ

**10.** নিম্নোক্ত যেকোনো 3 টি প্রশ্নের একটি মাত্র শব্দের উত্তর লিখুন। **2x3=6**

(a) চতুর্দৌল শব্দের অর্থ কী ?

(b) শাক্ত পদাবলির দুজন কবির নাম লিখুন।

(c) সব্যসাচী শব্দের অর্থ কী ?

(d) 'টেরা ইনকগনিটা' শীর্ষক রচনাটিতে কোন অভিযানের অভিজ্ঞতার কথা আছে ?

**11.** নিম্নোক্ত যেকোনো 4 টি প্রশ্নের উত্তর সংক্ষেপে দিন। (যেকোনো 4 টি) **2x4=8**

(a) অনেকেরই আন্টার্কটিকাতে ঘুমের ব্যাঘাত হয় কেন ?

(b) দু'টি চরিতসাহিত্যের নাম লিখুন।

(c) মঙ্গলগীত বলতে কী বোঝায় ?

(d) ''চোর দোষী বটে'' কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী।'' কেন বলা হয়েছে ?

(e) সত্যচরণ চাকরিতে ইস্তফা দিয়ে কলকাতায় ফিরে যাবার কথা ভাবছিলেন কেন ?

**12.** নিম্নোক্ত বাক্যগুলি বন্ধনীর অন্তর্ভুক্ত সংকেত অনুসারে রূপান্তর করুন। (যেকোনো 3 টি) **2x3=6**

(a) শীতকালে তাঁকে রোমনগরে যেতে হল। (জটিল বাক্য)

(b) জেন্‌সন নামক এক ওলন্দাজ এক অভিনব যন্ত্র নির্মাণ করেছিলেন। (জটিল বাক্য)

(c) বাইবেল ছুঁয়ে বলতে হবে। (না বাচক বাক্য)

(d) কী অসাধারণ তাঁর গবেষণা। (নির্দেশক বাক্য)

**13.** নিম্নোক্ত বাক্যগুচ্ছকে চলিত ভাষায় রূপান্তর করুন। **6**

জীবনের বেশীর ভাগ সময় কলিকাতায় কাটাইয়াছি। বন্ধু-বান্ধবের সঙ্গে, লাইব্রেরী, থিয়েটার, সিনেমা, গানের আড্ডা – এসব ভিন্ন জীবন কল্পনা করিতে পারি না – এ অবস্থায় চাকুরির কয়েকটি টাকার খাতিরে যেখানে আসিয়া পড়িলাম, এত নির্জন স্থানের কল্পনাও কোনোদিন করি নাই। দিনের পর দিন যায়, পূর্বাকাশে সূর্যের উদয় দেখি দূরের পাহাড় ও জঙ্গলের মাথায়, আবার সন্ধ্যায় সমগ্র বনঝাউ ও দীর্ঘ মাসের বনশীর্ষ সিঁদুরে রঙে রাঙাইয়া সূর্যকে ডুবিয়া যাইতে দেখি।

**14.** ফাইলে নোট লেখার ব্যাপারে সাধারণ রীতিগুলি লিখুন। **4**

**15.** নিচের কবিতার/অনুচ্ছেদটি পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন। **5**

পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও
তার মতো সুখ কোথাও কী আছে,
আপনার কথা ভুলিয়া যাও।

**অথবা**

ঈশ্বরকে সন্তুষ্ট করতে হলে পৃথকভাবে যত্রতত্র অর্থব্যয় বা যাগযজ্ঞের প্রয়োজন নেই, তাঁর প্রিয় সন্তান মানুষের সেবা করলেই তিনি সন্তুষ্ট হন। আর্তের সেবায়, সমাজের কল্যাণ সাধনে যে ব্যক্তি নিজেকে উৎসর্গ করে, তার পৃথক ঈশ্বর-আরাধনার প্রয়োজন নেই।



UNNATI EDUCATIONS
9899436384: 9654-279-279

16. যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রতিবেদন রচনা করুন। **5x1=5**

শীতকাল উপলক্ষ্যে আপনার পাড়ার ক্লাবের উদ্যোগে পিঠা বানানো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে – এই বিষয়ে প্রতিবেদন রচনা করুন।

**অথবা**

৭৬ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে নেতাজী সুভাষচন্দ্র বসুর আবক্ষ মূর্তির উন্মোচন অনুষ্ঠান। এই বিষয়ে প্রতিবেদন রচনা করুন।

## মডিউল - I

17. যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন। **2x3=6**

(a) বাংলায় লোক শিল্পের অপর দুটি নাম লিখুন।

(b) অন্ধ্রপ্রদেশে চিরাচরিত মাধ্যমের নাম কী ?

(c) নৌটঙ্কি ভারতে কোথায় প্রচলিত ?

(d) বিকেলের সংবাদপত্রকে কী বলে ?

(e) সংবাদপত্রের দুটি গ্রহণযোগ্যতা লিখুন।

18. সংবাদপত্রের ইতিবাচক ও নেতিবাচক দিক লিখুন। **2+2=4**

## মডিউল - II

17. যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন। **2x3=6**

(a) নামকরা হোটেলের দুটি আকর্ষণ লিখুন।

(b) গ্রীষ্মকালে যাবার মতো দুটি পর্যটন স্থলের নাম লিখুন।

(c) প্রত্যেকটির উপযুক্ত নাম লিখুন।

(i) হ্রদে ভাসমান হোটেল

(ii) পথের ধারে হোটেলের ও গাড়ি রাখার সুবিধাযুক্ত জায়গা।

(d) স্থানীয় সংস্কৃতির ওপর পর্যটনের দুটি নেতিবাচক প্রভাব সম্পর্কে লিখুন।

(e) কারা বিমান পরিবহনকে বিশেষ গুরুত্ব দেয় ?

18. শিল্প হিসাবে বিবেচিত হবার জন্য পর্যটনের চারটি দিক উল্লেখ করুন। **4**

- o 0 o -

UNNATI EDUCATIONS
EK KADAM UNNATI KI AUR



UNNATI EDUCATIONS
9899436384: 9654-279-279